দর্শনায় বিএনপি করা মামলার আসামী সাঈদ ড্রাইভারসহ ৫ জন গ্রেফতার

দর্শনা থানাধীন এলাকা থেকে আজ বিকাল ৩টার দিকে কেরুজ মিলের সাঈদ ড্রাইভার ওরয়ে মোটা সাঈদকে গ্রেফতার করেছে পুলিশ।

দর্শনা ইসলাম বাজার ভাড়া বাসা থেকে তাকে আটক করা হয়। সাঈদ হোসেন ড্রাইভার চন্ডিপুর গ্রামের মৃত লোকমান সদ্দার্র এর ছেলে।

দর্শনা থানার অফিসার্স ইনচার্জ শহীদ তীতুমির সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে মোটা সাঈদসহ বিভিন্ন মামলায় ৫ জন আসামীকে গ্রেফতার করেন। বিএনপি কর্মী রবিউল ইসলাম হেবার করা ডাকাতি ও বাড়ি ঘরে হামলা ও ভাংচুরের মামলায় সাঈদ ড্রাইভারকে গ্রেফতার করেন পুলিশ।

এ সাঈদ গত ৪ আগষ্ট দর্শনা বাসস্ট্যান্ড ৪ রাস্তার মোড়ে বৈষম্য বিরোধী ছাত্র/ছাত্রীদের মিছিলে উপর মান্নান ও তোতার নেত্রীত্বে লাটি সোটা ও বোমা হামলা করে। সে কেরু মিল এলাকাসহ বিভিন্ন স্থানে আওয়ামীলীগের হয়ে দীর্ঘদিন ব্যাপক দাপট দেখিয়েছে আসছিল।

এছাড়া গত পরশু দর্শনা থানাধীন এলাকা থেকে বিভিন্ন মামলার আসামী বিশেষ করে গহেরপুর মাঝিপাড়ার অমরেশ মাঝির ছেলে জিআর নং-২৬২/২৪ মামলার আসামী শ্রী অরবিন্দ (৩৫), একই গ্রামের শ্রী রতন মাঝির ছেলে গউর কুমার (২৩), ভেমরা থানার বামেন গ্রাম বর্তমান ঠিকানা দোস্ত গ্রামের আব্দুর রশিদের ছেলে সিআর-৫৬৮/২৪ মামলার আসামী নাসির উদ্দিন (৪৩) ও হিজলগাড়ী বাজার পাড়ার মৃত আক্কাস আলীর ছেলে পলাশ (৩৮) ১২৬/২৩ নং সাজা প্রাপ্ত আসামীদের গ্রেফতার করেন বলে পুলিশ জানায়।

দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য মশিউর রহমানের ডিপ ফ্রিজ উপহার

চুয়াডাঙ্গার দর্শনায় সমাজের অবহেলিত বাবা মায়ের কল্যাণে আমাদের পথ চলা সিনিয়র সিটিজেন হোমের অসহায় বৃদ্ধ বাবা-মায়েদের খাবার রাখার জন্য একটি ডিপ ফ্রিজ উপহার দিয়েছেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য আলহাজ্ব মোঃ মশিউর রহমান।

আজ শুক্রবার (১৮ অক্টোবর) সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার কেরু আনোয়ারপুর এলাকায় অবস্থিত সিনিয়ার সিটিজেন হোমে এই ডিপ ফ্রিজ উপহার প্রদান করা হয়।

দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির সদস্য আলহাজ্ব মশিউর রহমান নিজ উদ্যোগে এই ফ্রিজ প্রদান করে।

এ সময় তিনি বলেন, দর্শনা কেরু এন্ড কোম্পানি প্রতিষ্ঠিত কেরু উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষাঅনুরাগী ও বিএনপি নেতা মরহুম সদর আলী স্যার। তার ছেলে মোঃ সিরাজুল ইসলামের উদ্যোগে সমাজের অবহেলিত বাবা মায়ের কল্যাণে পথ চলা সিনিয়র সিটিজেন হোম তৈরি করেছে। এখানে অবলিত বাবা মায়ের থাকা খাওয়া সহ সুন্দর পরিবেশে বসবাসের বাস যোগ্য গড়ে তোলা হচ্ছে। বৃদ্ধ বাবা-মায়েদের সার্বিক খোজ খবর নেন প্রয়োজনীয় সহযোগীতারও আশ্বাস দেন।

আজ শুক্রবার সকাল ১১ টার দিকে তিনি দলীয় নেতাকর্মিদের সাথে নিয়ে ফ্রিজটি তুলে দেন হোমের ম্যানেজারের আবুজার গিফারীর হাতে।

এ সময় মশিউর রহমান এ সময় উপস্থিত ছিলেন সাবেক দর্শনা পৌরসভার মেয়র মহিদুল ইসলামের ছেলে ও পৌর এলাকার ০৮ নং ওয়ার্ড বিএনপির সভাপতি মাহাদুল ইসলাম সেপাস, থানা ছাত্রদলের যুগ্মআহবায়ক সাহেদ ইসলাম সুজন, পৌর ছাত্রদলের যুগ্মআহবায়ক মুকিত শেখ, কলেজ ছাত্রদলের যুগ্মআহবায়ক রাজু আহমেদ, নবীন দলের সদস্য সচিব ডাবলু মিয়া, ছাত্রদল নেতা রকি, সুমন প্রমুখ।

দর্শনা কেরু চিনিকলের নিরাপত্তা কর্মীদের ৪৯০ টাকা পারিশ্রমে মানবেতর জীবন যাপন

দর্শনা কেরু চিনিকলের অধিনে নিরাপত্তা প্রতিদিনে হাজিরা ৪৯০ টাকা যা দিয়ে দিনপাত করা কঠিন হয়েছে। একদিকে দিন হাজিরা কম অপরদিকে নিত্য প্রয়োজনীয় জিনিসের মুল্যে বৃদ্ধি হওয়ায় সংসার চালাতে নাভিশ্বাস হয়ে পড়েছে এমটি বলেন হানিফ নামে নিরাপত্তা কর্মী।

এছাড়া ডিউটি থাকলে হাজিরা না থকলে হাজিরা হবে না এ নিয়মে চলছে এসব নিরাপত্তা সদস্যরা। বিগত ১৬ থেকে ২০ বছর ধরে এ ভাবেই চলে আসছে বলে জানান হাবিলদার জসিম উদ্দিন। সেটাপে অধিনে ৬০জন থাকার কথা থাকলেও সেখানে ৫৮জন নিরাপত্তা সদস্য রয়েছে । দুইটি পদ শূন্য রয়েছে। ফলে এ ৫৮ জন নিরাপত্তা সদস্য মিলের সিকিউরিটি দিয়ে যাচ্ছে এসব নিরাপত্তা সদস্যরা।

এ বিষয়ে সহকারী ব্যবস্থাপক বা নিরাপত্তা অফিসার মোজাহিদুল ইসলামের নিকট নিরাপত্তা সদস্যদের দিন হাজিরা বাড়ানো হবে কিনা জানতে চাইলে তিনি বলেন, না এমন কোন উদ্যোগ নেই। তবে কর্তৃপক্ষকে হাজিরা বাড়ানো বিষয় উদ্যোগ নেয়া হয়নি। উদ্যোগ নেবেন কিনা জানতে চাইলে তিনি বলেন না। তবে কোন সময় এ বিষয় কথা উঠলে কর্তৃপক্ষকে বলে দেখার চেষ্টা করবো।

নিরাপত্তা শ্রমিকদের দাবী বর্তমান বাজার দরের দিকে লক্ষ্য রেখে আমাদের দিন হাজিরা বাড়িয়ে দিলে আমরা ছেলে মেয়ে নিয়ে ভালভাবে খেয়ে পরে বাচঁতে পারতাম। বিষয়টি মানবিক দিক বিবেচনা করে দিন হাজিরা বাড়ানোর দাবী করেছে এসব নিরাপত্তা সদস্যরা।

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়ন বিএনপির ১১ নেতাকে স্বতর্কীকরণ পত্র প্রেরণ

দলের গঠনতন্ত্র পরিপন্থি কাজ করায় চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়ন বিএনপির ১১ নেতাকে স্বতর্কীকরণ পত্র দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (১৭ অক্টোবর) জুড়ানপুর ইউনিয়ন বিএনপির পক্ষে দপ্তর সম্পাদক মোঃ আলমগীর হোসেন এ পত্র প্রেরণ করেন।

স্বতর্কীকরণ পত্রে জানানো হয়, জুড়ানপুর ইউনিয়নের বিএনপির সভাপতি ও সম্পাদককে অবগত না করে গত ১১ অক্টোবর সন্ধ্যার পর ৮ নং ওয়ার্ড বিএনপির কর্মী সভা করা হয়। উক্ত কর্মী সভায় অত্র ইউনিয়নের কয়েকটি ওয়ার্ডের সভাপতি, সহ-সভাপতি ও সাধারণ সম্পাদক ইউনিয়ন কমিটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত হয়।

দলের গঠনতন্ত্র পরিপন্থি ওই কর্মী সভায় উপস্থিত হওয়ার কারণ দিয়ে যে ১১ নেতাকে পত্র দেওয়া হয়েছে তারা হলেন (১) মোঃ শীতল আলী, সভাপতি ৮ নং ওয়ার্ড বিএনপি, (২) মোঃ ছানোয়ার হোসেন, সাধারণ সম্পাদক ৮ নং ওয়ার্ড বিএনপি, (৩) মোঃ মজিবুল হক, সভাপতি ২ নং ওয়ার্ড বিএনপি, (৪) এ.জেড আমিনুল হাবিব সোহাগ, সাধারণ সম্পাদক ২ নং ওয়ার্ড বিএনপি, (৫) মোঃ জুলমত হোসেন, সভাপতি ৩ নং ওয়ার্ড বিএনপি, (৬) মোঃ গোলাম হোসেন, সাধারণ সম্পাদক ৩ নং ওয়ার্ড বিএনপি, (৭) মোঃ আবুল বাশার, সহ-সভাপতি ৪ নং ওয়ার্ড বিএনপি, (৮) মোঃ কামাল উদ্দীন, সাংগঠনিক সম্পাদক ৪ নং ওয়ার্ড বিএনপি, (৯) মোঃ সাইদুর রহমান লিপু, ১ নং নির্বাহী সদস্য জুড়ানপুর ইউনিয়ন বিএনপি, (১০) মোঃ আবুল কালাম আজাদ, নির্বাহী সদস্য জুড়ানপুর ইউনিয়ন বিএনপি ও (১১) মোঃ নাসির উদ্দিন, যুগ্ম সম্পাদক জুড়ানপুর ইউনিয়ন বিএনপি।

পত্রে সতর্ক করে আরো বলা হয়, আগামীতে দলের গঠনতন্ত্র পরিপন্থি দলীয় কোন কর্মকান্ড করলে আপনার বিরুদ্ধে সাংগাঠনিক ব্যবস্থা গ্রহন করা হইবে। এ বিষয়ে আপনাকে সতর্ক থাকিবার জন্য অনুরোধ করা হইল।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইদ্রিস আলী ও সাধারণ সম্পাদক রুহুল আমিন এর নির্দেশনানুযায়ী এই সতর্কীকরণ পত্র প্রেরণ করা হয়।

চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত: চুয়াডাঙ্গা দলের জয়লাভ

চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) বিকেল চারটায় শহরের পুরাতন স্টেডিয়াম মাঠে এই ফুটবল খেলায় অংশ গ্রহণ করেন চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি ও খুলনার এজাজ প্রমিলা ফুটবল একাডেমির এক দল মেয়েরা।

প্রীতি এই ফুটবল খেলায় ২-০ গোলে চুয়াডাঙ্গা দল মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি জয়লাভ করে চ্যাম্পিয়ন হয়। রানার আপ হয় খুলনা থেকে আসা এজাজ প্রমিলা ফুটবল একাডেমি।

এ খেলায় ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন মহাতাব ফুটবল একাডেমি দলের খেলোয়ার বিদিশা । চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমি এ প্রীতি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করেন।

খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন। মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি খেলা উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সি আবু সাইফ, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর, সাধারণ সম্পাদক কামরুজ্জামান সেলিম, রাখি ইলেকট্রনিকস এর মালিক মাসুদ রানা, চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমির প্রতিষ্ঠাতা

পরিচালক সালাউদ্দিন বিশ্বাস প্রমুখ।

খেলার নির্ধারিত সময়ে চুয়াডাঙ্গা দল খুলনা দলকে ২-০ গোলে পরাজিত করে। এরপর চ্যাম্পিয়ন দল চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমির হাতে বিজয়ী পুরস্কার ট্রফি তুলে দেয়া হয়।

দামুড়হুদায় “দৈনিক কালবেলা”র ২য় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনে দামুড়হুদায় পাঠকপ্রিয় “দৈনিক কালবেলা”র ২য় প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে উপজেলা শহরে বর্ণাঢ্য র্যালি শেষে দামুড়হুদা প্রেসক্লাবের কক্ষে কেক কেটে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দৈনিক কালবেলার দামুড়হুদা প্রতিনিধি শাহ জালাল বাবুর সভাপতিত্বে বক্তব্য দেন দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সাল।

আলোচনা সভায় বক্তারা বলেন, দৈনিক কালবেলা গত ২ বছরে সাহসী সংবাদ পরিবেশনের মাধ্যমে পাঠকের মন জয় করতে সক্ষম হয়েছে। নতুন বাংলাদেশ সুন্দর ভাবে গড়তে কালবেলার বস্তুনিষ্ঠ সংবাদ ও অনুসন্ধানী প্রতিবেদনপ্রকাশ করে প্রথম সারির গণমাধ্যেম হিসাবে অগ্রণী ভূমিকা পালন করবে। ডিজিটাল প্ল্যাটফর্মে তাৎক্ষণিকভাবে গুরুত্বপূর্ণ সচিত্র সংবাদ পরিবেশন করে মিডিয়া অঙ্গনে র্শীষে অবস্থান করছে। নির্ভীক ও বস্তুনিষ্ঠ যুগোপযোগী সংবাদ পরিবেশনের মাধ্যমে দ্রুত সময়ের মধ্যে তাদের এই অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছে। এই ধারাবাহিকতা বজায় রাখার মাধ্যমে দৈনিক কালবেলা আরও একধাপ অগ্রসর হবে বলে বক্তারা আশাবাদ ব্যক্ত করেন।

উক্ত অনুষ্টানে উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ,যুগ্ন সাধারণ সম্পাদক সাজিদ হাসান সোহাগ,সাংগাঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা,দপ্তর সম্পাদক এস

এম সুজন,নিবার্হী সদস্য তাছির আহম্মদ,মেহেদি হাসান মিলন,আরিফুল ইসলাম, সদস্য মোজাম্মেল শিশির, বিল্লাল হোসেন মানিক প্রমূখ।

দর্শনায় শ্রমিক অধিকার প্রতিষ্ঠায় ইসলামী শ্রমিক সমাবেশে জেলা আমীর রুহুল আমিন

দর্শনায় শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় ইসলামী শ্রমনীতি প্রতিষ্ঠায় বাংলাদেশ শ্রমিক কল্যান ফেডারেশনের দর্শনা শাখার উদ্যোগে শ্রমিক অধিকার ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল ৩ টায় দর্শনা রেল বাজার মুক্তমঞ্চে শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় এ সমাবেশ অনুষ্টিত হয়।

এ শ্রমনীতি সমাবেশে বাংলাদেশ শ্রমিক ফেডারেশনের দর্শনা থানা শাখার সভাপতি বিল্লাল হুসাইনের সভাপতিত্বে এ শ্রমিকনীতি সভা অনুষ্টিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় মজলিসের সুরা সদস্য ও চুয়াডাঙ্গা জেলা শাখার বাংলাদেশ জামাতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার আমীর মোঃ রুহুল আমীন।

এ সময় তিনি বলেন,ইসলামী আইনে শ্রমজীবী মানুষের অধিকার ফিরিয়ে আনবো। যারা দিনরাত পরিশ্রম করে ন্যায্য মূল্য পায়না তাদের অধিকার ফিরিয়ে আনতে হবে।আমাদের বাংলাদেশ কৃষি দেশ আমাদের পা ফটা মানুষের কথা চিন্তা করে শ্রমিকদের অধিকার ফিরিয়ে আনতে চাই। বাংলাদেশ জামাতে ইসলামী পা ফাটা শ্রমিকদের নিয়ে এগিয়ে যেতে চাই। আমরা ১৭ বছর কথা বলতে পারেনী জেল জুলুম খেটেই আমাদের দিন গিয়েছে।তাই সারাবাংলাদেশে জামাত ইসলামী শ্রমজীবী ফেডারেশন তৈরি করে মানুষের অধিকার ফিরিয়ে আনতে চাই।

এ সময় বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা শাখার সহকারী সেক্রেটারি আব্দুল কাদের, চুয়াডাঙ্গা জেলা শাখার জেলা

সভাপতি ইসরাইল হোসাইন, জেলা শাখার সেক্রেটারি মাহফুজুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শাখার নায়েবী আমির ও সাবেক উপজেলা চেয়ারম্যান মাওলানা আজিজুর রহমান , দর্শনা থানা আমির রেজাউল করিম, জেলা অর্থ সেক্রেটারি আব্দুস সালাম,মাওলানা আবু জার গিফারী প্রমুখ।

এ সমাবেশে প্রায় দুই হাজার কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন,সাবেক শিবির নেতা তানজিল হোসেন।

দর্শনার কেরুজে সুগারক্যান প্লান্টা মেশিনে আখ রোপনের শুভ উদ্বোধন

দর্শনা কেরুজ ডিহি ও আড়িয়া খামারে সুগারক্যান প্লান্টার মেশিনে আখ রোপনের শুভ উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন কেরু এ্যান্ড কোম্পানির ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, এ সুগারক্যান প্লান্টার মেশিনে আখ লাগালে খরচ কমবে অন্যদিকে লেবার খরচ বাঁচবে। তাই আমরা আধুনিক পদ্ধতিতে চাষ করলে ফলন ও চিনির আহরন বাড়বে। তাই আমরা আগামীতে আরও প্লান্টার মেশিন নিয়ে আসা যায় কিনা সে চিন্তা ভাবনা করছি। আমরা পাবলিকদেরও সহযোগিতা করতে পারি কিনা সে দিকে আমাদের খেয়াল আছে।

অপরদিকে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে মিলসগেট পশ্চিম সাবজোনের ২০নং ইউনিটের ঈশ্বরচন্দ্রপুরে সরাসরি ও পরীক্ষামূলক খামারে রোপা পদ্ধতিতে বেডে আখরোপনের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া, ডিজিএম (সম্প্রাসারন মাহবুবুর রহমান ও সাবজোন প্রধান মোজতাহিদুল ইসলামসহ সিডিএ গাজী মিজানুর রহমান। পরে ব্যবস্থাপনা পরিচালক কেরুজ বায়োফার্টিলাইজার প্লাণ্ট পরিদর্শন করেন এবং আয় আয়-ব্যয়ের খোঁজ -খবর নেন পাশাপাশি সংশ্লিষ্ট

কর্মকর্তা ও কর্মচারিদের আয় বর্ধনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

তিনি বলেন, আপনারা আখ চাষ করুন আগামীতে আখের মৃল্য আরও বৃদ্ধি করা হবে। আপনারা আখ লাগাবেন এবং সার্বিক সহিযোগিতা করবে কেরু এ্যান্ড কোম্পানি। এ মিল আপনাদের এ মিল টিকে থাকলে আপনাদের অর্থনৈতিক ভাবে সচ্ছলতা আসবে। আগামী অর্থ বছরে আখের মৃল্য টন প্রতি ৬ হাজার টাকা নির্ধারন করা হবে।

তিনি আরও বলেন ভাল বীজের আখ লাগাবেন আপনার লাভবান হবেন এবং পরিস্কার -পরিচ্ছন্ন আখ সরবাহ করবেন।অধিক চিনি আহরনের জন্য পরিস্কার -পরিচ্ছন্ন ও টপট্রাসমুক্ত আখ মিলে সরবরাহ করার আহব্বান জানান তিনি।

দর্শনায় এনজিও অফিসে বোমা রাখার অপরাধে সন্দেহজনক ১ জন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ব্যুরো বাংলাদেশ এনজিও অফিসে বোমা রাখার অপরাধে সন্দেহজনক ভাবে ১ জনকে গ্রেফতার করছে।

গতকাল সোমবার দিনগত রাত আড়াই টার দিকে দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা দক্ষিনচাদপুর টাওয়ার পাড়ায়।

এ সময় পুলিশ দর্শনা পৌরসভার দক্ষিনচাদপুর গ্রামের টাওয়ার পাড়ার বগা মিয়ার ছেলে লিংকন (৩২) কে গ্রেফতার করে।

উল্লেখ্য গত ৯অক্টোবর বুধবার বেলা পৌনে এগারোটার দিকে দর্শনা বাসস্ট্যান্ড মাস্টার পাড়া ব্যুরো বাংলাদেশ এনজিও অফিসে এক মুখোশধারী একটি আইডি বোমা ও গলায় পিস্তল ঠেকিয়ে বোমা রেখে পালিয়ে যায়।পরে রাজশাহী থেকে র্যাবের উদ্ধারকারী দল বোমাটি উদ্ধার করে রাত সাড়ে ১১ টার দিকে দর্শনা কেরুজ ক্লাব মাঠে

দামুড়হুদার জয়রামপুর মাঠ থেকে কৃষকের লাশ উদ্ধার

দামুড়হুদা জয়রামপুর কুমারীদহের মাঠ থেকে শওকত আলী নামের একজন কৃষকের লাশ উদ্ধার করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ৭ টার দিকে এ লাশ উদ্ধার করে দামুড়হুদা মডেল থানার পুলিশ। তিনি জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে।

জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মল্লিক পাড়ার মৃত বাহাদুর আলীর ছেলে শওকত আলী (৫০) পারিবারিক কলহের জের ধরে বিষপান করে জয়রামপুর কুমারীদহ’র মাঠে মৃত অবস্থায় পড়ে ছিল। সকালে মাঠে কৃষি কাজ করতে গিয়ে একজন কৃষক মৃতের লাশ পড়ে থাকতে দেখে দামুড়হুদা মডেল থানায় সংবাদ দেয়। সংবাদ পেয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির, সেকেন্ড অফিসার এসআই আসাদুজ্জামান আসাদ ঘটনাস্থল পরিদর্শন করেন।

স্থানীয়রা বলেন, রাত ১২ টা থেকে সে নিখোজ ছিলো। অনেক খোঁজা খুঁজি করেও তাকে পাওয়া যাইনি। পরে সকাল সাড়ে ৬ টার দিকে লোক মারফত সংবাদ পাই সে বিষ খেয়ে আত্মহত্যা করেছে। লোকটি প্রচন্ড হট মেজাজী ছিলো। পরিবারের সাথে কোন রকম মনমালিন্য হলেই সে বিষ পান করতো। এর আগেও সে দুই দুইবার বিষ পান করেছিলো। কিন্তু এবার তৃতীয় বারে তার আর শেষ রক্ষা হলোনা।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমগীর কবীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, পরিবারের কারো কোন অভিযোগ নেই। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ময়না তদন্ত শেষে লাশ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। এবিষয়ে একটি অপমৃত্যু মামলা রজু করা হয়েছে।